শেখ হাসিনার উদ্যোগ

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

জগন্নাথপুর, ঠাকুরগাঁও

ISO 9001:2015

মুজিব শতবর্ষ MUJIB 100

ইমেইল: thkpbs@gmail.com ওয়েব: www.pbs.thakurgaon.gov.bd

স্মারক নং- ২৭.১২.৯৪৯৪,৫২৬.০২.০০৮.২০. 4808 তারিখঃ ০৭-১১-২০২০ খ্রিঃ।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগের নিমিত্তে ইতিপূর্বে পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে সন্তোষজনকভাবে কর্ম সম্পাদন করেছেন এমন আগ্রহী প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন স্বাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | সর্বশেষ কর্মরত পবিস হতে প্রাপ্ত প্রত্যায়নপত্র এবং পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী | ক) পূর্ববর্তী পবিসের সন্তোষজনক চুক্তি সম্পাদনের প্রত্যয়নপত্র।<br>খ) প্রার্থীর বয়সসীমা ৫২ বছরের মধ্যে হতে হবে।<br>গ) অত্র সমিতির ভৌগলিক এলাকায় বসবাসরত প্রার্থী আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন। প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে ও চালনায় পারদর্শী হতে হবে।<br>ঘ) সমিতির সাথে চুক্তির সময় নিরাপত্তা জামানত বাবদ ১০,০০০/- টাকা জমা দিতে হবে।<br>ঙ) আবেদনকারীকে গানিতিক হিসাব-নিকাশে পারদর্শী এবং সৎ,বিশ্বস্থ, ব্যক্তিত্ব সম্পন্ন ও সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। |

অন্যান্য শর্তাবলীঃ

০১। উল্লিখিত পদে নিয়োগ লাভে আগ্রহী পল্লী বিদ্যুৎ সমিতির প্রাক্তন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার/মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)গন-কে পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট **www.thakurgaon.gov.bd** হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২,ভর্সিন-০১) **A-4** সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পুরন করে আগামী ১৬/১১/২০২০ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন জেনারেল ম্যানেজার, ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে/টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। প্রার্থীকে ইতিপূর্বে পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার/মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন), ০৬ (ছয়) ও ০৯ (নয়) বৎসর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদনকারী হিসেবে পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। অভিজ্ঞতার প্রত্যয়নপত্র এজিএম (প্রশাসন)/মানব সম্পদ কর্তৃক সত্যায়িত করতে হবে।

০৩। ওয়েব সাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অভিজ্ঞতার সনদপত্র, অন্যান্য সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি, সাম্প্রতিক কালের তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়রের নিকট হতে চারিত্রিক সনদপত্র সত্যায়িত কপি দিতে হবে।

০৪। আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৫২ বৎসরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র বিবেচনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এ্যাফিডেফিট গ্রহণযোগ্য নয়।

০৫। সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বৎসর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালিন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক ভাবে উত্তীর্ণ হওয়ার পর ন্যূনতম ০১ (এক)/০২ (দুই)টি কর্মদিবসের ব্যবধানে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য পুনরায় চুক্তি নবায়ন করা যাবে। এভাবে সর্বোচ্চ ০৩ মেয়াদে (৩+৩+৩) মোট ০৯ (নয়) বৎসর চাকুরীতে বহাল রাখা যেতে পারে এবং কর্মকালীন এর মধ্যে প্রার্থীর বয়স ৫৫ (পঞ্চান্ন) বৎসর পূর্ণ হলে চুক্তির পরিসমাপ্তি হবে।

E:\TAJMIN\Taj\jahan-3\Niog Bigopty.doc

শেখ হাসিনার উদ্যোগ

ISO 9001:2015

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

জগন্নাথপুর, ঠাকুরগাঁও

ইমেইল: thkpbs@gmail.com ওয়েব: www.pbs.thakurgaon.gov.bd



০৬। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

০৭। কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) যদি স্বেচ্ছায় অব্যাহতিপ্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত হয়ে থাকেন, তাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৮। প্রতারনামূলকভাবে স্থায়ী ঠিকানার ভূল তথ্য দিয়ে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে দেশের প্রচলিত আইনানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। ইতিপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

১০। অসম্পুর্ণ/ভূল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১১। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(আবু আশরাফ মোঃ ছালেহ্)
জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পবিস।

অনুলিপিঃ

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মঃ ও ব্যাঃ পঃ (উঃ অঃ/পূঃ অঃ/কেঃ অঃ/দঃ অঃ)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, বাপবিবো, ঢাকা।
০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৫। একান্ত সচিব, চেয়ারম্যান বাপবিবো, ঢাকা।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-------------------পবিস-১/২/৩/৪।

(০১–০৬) সদয় অবগতি ও প্রয়োজনীয় ক্ষেত্রে ওয়েবসাইট/নোটিশ বোর্ডে প্রচারের জন্য।

০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঠাকুরগাঁও।
০৮। ডেপুটি জেনারেল ম্যানেজার কারিগরী/পঞ্চগড়/পীরগঞ্জ/বালিয়াডাঙ্গী জোনাল অফিস,ঠাপবিস।
০৯। এজিএম (ওএন্ডএম), বোদা/রানীশংকৈল/আটোয়ারী সাব-জোনাল অফিস, ঠাপবিস।
১০। এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা/প্রশাসন), ঠাপবিস।
১১। সহঃ জুনিয়র ইঞ্জিনিয়ার (আই-১/২) (ওয়েব সাইডে-এ প্রকাশের জন্য)।
১২। নোটিশ বোর্ড, ঠাপবিস।

জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পবিস।

E:\TAJMIN\Taj\jahan-3\Niog Bigopty.doc